Total No. of Printed Pages—7

**HS/XII/A. Sc. Com/B/19**

**2 0 1 9**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

১। বন্ধনী থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) যে বিষয়ে যাহার _____ নাই সে বিষয়ে তাহার হস্তক্ষেপণ অকর্তব্য।

( জ্ঞান / অধিকার / অভিজ্ঞতা )

(খ) লেখা ভাল হইলে ______ আপনি আসিবে।

( অর্থ / মান / যশ )

(গ) গাছটাকে প্রতিদিনই দেখাচ্ছে নিতান্ত _____ মতো।

( সুবোধের / নির্বোধের / দুর্বোধের )

(ঘ) ‘‘আমি নামতে পাচ্ছি না বাবা, _____ চোট লেগেছে।’’

( হাতে / পায়ে / মাথায় )

(ঙ) ‘‘ওগো শুনছ, একজন _____ ডেকে আনো।’’
( ফোটোগ্রাফওয়ালা / কুলি / ডাক্তার )

(চ) বৃদ্ধা তাহাকে _____ টাকা বাহির করিয়া দিলেন।
( একটি / দুইটি / পাঁচটি )

(ছ) ঝরে পূত বারিধারা, কহিলা _____ ।
( জানকী / সীতা / সরমা )

২। *দু-একটি* শব্দে যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ‘‘ভুলিনু পূর্বের সুখ। রাজার নন্দিনী।’’
এখানে ‘রাজার নন্দিনী’ কে?

(খ) শূন্যস্থান পূর্ণ কর :
‘‘বাঙ্‌লা ভাষা উচ্চারিত হলে নিকানো উঠোনে ঝরে রোদ, বারান্দায় লাগে _____ ।’’

(গ) ‘‘এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি,’’
বক্তা কে?

(ঘ) ‘‘হের চিত্ত-বিনোদন বৈতালিক গীতে দেখলে আঁখি’’
‘বৈতালিক’ শব্দের অর্থ কী?

(ঙ) ‘‘নানী বিষাদ সিন্ধুর স্পন্দে দুলে
দুলে রমজানী সাঁঝে ভাজেন ডালের বড়া,’’
রমজান মাস কি?

(চ) শূন্যস্থান পূর্ণ কর :
‘‘মারিয়া করিব _____ ।’’

৩। *দু-একটি* শব্দে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'রাজসিংহ' উপন্যাসের তৃতীয় খণ্ডের দ্বিতীয় পরিচ্ছেদের নাম কি ?

(খ) ''এ পাঞ্জা তুমি কোথায় পাইলে ?''

'পাঞ্জা' শব্দের অর্থ কি ?

(গ) যিনি সোজা কথায় আপনার মনের কথা সহজে পাঠককে বোঝাইতে পারেন তিনি কে ?

(ঘ) সত্য ও ধর্ম কিসের উদ্দেশ্য ?

(ঙ) ''পথ দেখে চলতে পার না ?''

কে, কাকে এ কথা বলেছে ?

৪। যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

(ক) ''যাহা লিখিবেন, তাহা হঠাৎ ছাপাইবেন না।'' প্রবন্ধকার একথা কেন বলেছেন ?

(খ) ''ওর সবচেয়ে বিপদের দিন, যেদিন ঘাসিয়াড়া ঘাস কাটতে আসে।'' কোন্ গল্পের অংশ ? কার 'বিপদের দিন'-এর কথা বলা হয়েছে ?

(গ) ''শিভ্যালরি আমাদের দেশেও ছিল।'' বক্তা কে ? 'শিভ্যালরি' শব্দের অর্থ কী ?

(ঘ) ''আপনি যাইবেন কি প্রকারে ? তাহারা চারিজন, আপনি একা।'' কে, কাকে একথা বলেছেন ? তাহারা বলতে কারা ?

(ঙ) সাময়িক সাহিত্য লেখকের পক্ষে অবনতিকর কেন ?

৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও : ২×৫=১০

(ক) ''তুমি আমার গুরুদেবকে ডাকিতে পাঠাও।'' বক্তা কে? 'তুমি' ও 'গুরুদেব' বলতে কাদের বোঝানো হয়েছে?

(খ) চঞ্চলকুমারী কোন্ রাজ্যের রাজকুমারী ছিলেন? তাঁর পিতার নাম কি?

(গ) ''বাংলা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি;'' পঙ্ক্তিটির রচয়িতা কে? যে কোনো দুটি ছবি উল্লেখ কর।

(ঘ) ''শুধু বিঘে-দুই ছিল মোর ভুঁই, আর সবই গেছে ঋণে।''

পঙ্ক্তিটি কোন্ কবিতার অংশ? বক্তা কে?

(ঙ) ''কহিলেন শেষে ক্রূর হাসি হেসে, 'আচ্ছা, সে দেখা যাবে'।'' বক্তা কে? এটি কোন্ কবিতার অংশ?

(চ) ''কতক্ষণে চক্ষুজল মুছি রক্ষোবধূ।'' 'রক্ষোবধূ' কে? তাকে 'রক্ষোবধূ' বলার কারণ কি?

(ছ) 'সীতা ও সরমা' কবিতাটি কোন্ ছন্দে লেখা? এই ছন্দের স্রষ্টা কে?

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' গদ্যে প্রবন্ধকার অলংকার প্রয়োগের ক্ষেত্রে কি পরামর্শ দিয়েছেন?

(খ) ''উঠলে তো, এখন বসবে কোথায় বাছা!''

বক্তা কে? বৃদ্ধা কোথায় উঠেছিলেন? উপরিউক্ত প্রশ্নের কি উত্তর দিয়েছিলেন বৃদ্ধা?

(গ) ''এইজন্যে ব্যথাটা লুকোতে চেষ্টা করে।''

কে, কোন্ ব্যথা লুকোতে চেষ্টা করে তা 'বলাই' গল্প অবলম্বনে আলোচনা কর।

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'রাজসিংহ' উপন্যাসের তৃতীয় খণ্ডের প্রথম পরিচ্ছেদ : 'বক ও হংসীর কথা'র বিষয়বস্তু আলোচনা কর।

(খ) 'মানিকলাল'-এর চরিত্রের পরিচয় দাও।

(গ) অনন্ত মিশ্র কে ছিলেন? তিনি কোথায় প্রেরিত হয়েছিলেন? পথিমধ্যে তাঁর উপর যে ঘটনা ঘটেছিল তা বর্ণনা কর।

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) তোমার পঠিত 'সীতা ও সরমা' কাব্যাংশের বিষয়বস্তু আলোচনা কর।

(খ) 'দুই বিঘা জমি'-র 'উপেন'-এর চরিত্র বর্ণনা কর।

(গ) ''যখন সকালে
নতুন শিক্ষার্থী লেখে তার বাল্যশিক্ষার অক্ষর,
কাননে কুসুম কলি ফোটে, গো-রাখালের বাঁশি
হাওয়াকে বানায় মেঠো সুর, পুকুরে কলস ভাসে।''

উদ্ধৃতাংশটি ব্যাখ্যা কর।

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'দুধের দাম' গল্পের বিষয়বস্তু তোমার নিজের ভাষায় লেখ।

(খ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লেখকদের উদ্দেশ্যে যে নিয়মগুলির নির্দেশ দিয়েছেন তা লেখ।

(গ) 'বলাই' গল্পের লেখক কে? বলাই চরিত্র আলোচনার মধ্য দিয়ে তার প্রকৃতি-প্রীতির পরিচয় পরিস্ফুট কর।

১০। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **তিনটি**) : ২×৩=৬

বিষমীভবন; বর্ণবিপর্যয়; স্বরসঙ্গতি; অপিনিহিতি; অভিশ্রুতি; স্বরভক্তি।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, উল্লেখ কর (যে-কোন **একটি**) :

রাইত; ধরম; পিচাশ; ইস্কুল।

(খ) নীচের পঙ্‌ক্তিটির অলঙ্কার নির্ণয় কর :

"চল চপলার চকিত চমকে করিছ চরণ বিচরণ।"

১২। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ৩×২=৬

উপমা; সমাসোক্তি; শ্লেষ; অনুপ্রাস।

১৩। বঙ্গানুবাদ কর (যে-কোন **চারটি**) : ২×৪=৮

(ক) Where there is a will, there is a way.

(খ) Environmental pollution is the greatest threat to this ultramodern country.

(গ) Slow and steady wins the race.

(ঘ) William Shakespeare is extensively known as one of the greatest writers in the history of the English language.

(ঙ) Swami Vivekananda said, “Have faith that you are all, my brave lads, born to do great things!”

(চ) A rolling stone gathers no moss.

(ছ) Rabindranath Tagore was awarded the Nobel Prize for *Gitanjali* in 1913.

১৪। নীচের অনুচ্ছেদটির সারমর্ম লেখ : ৮

জাতিকে শক্তিশালী, শ্রেষ্ঠ, ধন-সম্পদশালী, উন্নত ও সুখী করতে হলে শিক্ষা ও তার জ্ঞান বর্ষার বারিধারার মতো সর্বসাধারণের মধ্যে সমভাবে বিতরণ করতে হবে। দেশে সরল ও সহজ ভাষার নানা প্রকারের পুস্তক প্রচারের দ্বারা এ কার্য সিদ্ধ হয়। শক্তিশালী দৃষ্টিসম্পন্ন মহাপুরুষদের লেখনীর প্রভাবে একটি জাতির মানসিক ও পার্থিব অবস্থার পরিবর্তন অপেক্ষাকৃত অল্প সময়ে সংশোধিত হয়ে থাকে। দেশের প্রত্যেক মানুষ তার ভুল ও কুসংস্কার, অন্ধতা ও জড়তা, হীনতা ও সংকীর্ণতা পরিহার করে একটি বিনয় মহিমোজ্জ্বল উচ্চ জীবনের ধারণা করতে শেখে। মনুষ্যত্ব ও ন্যায়ের প্রতিষ্ঠা করাই সে ধর্ম মনে করে আত্মমর্যাদাসম্পন্ন হয় এবং গভীর দৃষ্টি লাভ করে। তারপর বিরাট জাতির বিরাট দেহে শক্তি জেগে ওঠে।

১৫। নীচের যে-কোন **একটি** বিষয় অবলম্বনেএকটি রচনা লেখ : ১০

(ক) তোমার প্রিয় কবি

(খ) ইন্টারনেট

(গ) এশিয়ান গেম্‌স, ২০১৮

(ঘ) স্বামী বিবেকানন্দ

★★★